



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০৩.২২-৯৯২৮/৫

তারিখ: ০৫/০৬/২০২৩খ্রি.

বিষয়: শিক্ষার্থীদের জন্য তীব্র তাপপ্রবাহের সতর্কতা অবলম্বন

সূত্র: ০৪/০৬/২০২৩ খ্রি. তারিখে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, তাপ প্রবাহের সতর্কবার্তা

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঝড় সতর্কীকরণ কেন্দ্র কর্তৃক প্রকাশিত “তাপ প্রবাহের সতর্কবার্তা” অনুসারে আগামী ০৫ (পাঁচ) থেকে ০৬ (ছয়) দিন দেশের উপর দিয়ে চলমান মৃদু, মাঝারি এবং তীব্র তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে। উক্ত সতর্কবার্তার আলোকে অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের স্বাস্থ্য ঝুঁকি এড়ানোর লক্ষ্যে নিম্নরূপ সতর্কতামূলক নির্দেশনা প্রতিপালনের জন্য সংশ্লিষ্টদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। যেসকল বিদ্যালয়ে প্রাথমিক স্তর সংযুক্ত রয়েছে সেসকল বিদ্যালয়ের ১ম থেকে ৫ম শ্রেণির শ্রেণি কার্যক্রম আগামী ০৮/০৬/২০২৩ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে;
- ২। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত প্রাত্যহিক সমাবেশ স্থগিত থাকবে;
- ৩। শিক্ষার্থীরা শিক্ষা প্রতিষ্ঠানে রোদের মধ্যে খেলাধুলাসহ অন্যান্য কার্যক্রম থেকে বিরত থাকবে;
- ৪। শিক্ষার্থীদের পর্যাপ্ত পানি পানের পরামর্শ দিতে হবে। শিক্ষার্থীরা প্রয়োজনে নিজ বাসা থেকে পর্যাপ্ত পানি সাথে নিয়ে শিক্ষা প্রতিষ্ঠানে আসবে;
- ৫। শ্রেণিকক্ষে পর্যাপ্ত প্রাকৃতিক আলো-বাতাসের জন্য প্রতিষ্ঠানের সকল জানালা ও দরজা সম্পূর্ণ খোলা রাখার ব্যবস্থা করতে হবে;
- ৬। শ্রেণিকক্ষ, শিক্ষক মিলনায়তন ও কর্মচারীদের কক্ষে প্রয়োজনীয় বৈদ্যুতিক পাখা সক্রিয় রাখার ব্যবস্থা করতে হবে;

বিষয়টি অতীব জরুরি।


(রূপক রায়)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৫০০৬৮

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
- ২। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
- ৪। জেলা শিক্ষা অফিসার, (সকল);
- ৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজ (সকল)
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা(মোউশি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
০৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৫. সংরক্ষণ নথি।